# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সালাম দেওয়া সুন্নাত; কিন্তু সালামের উত্তর দেওয়া ওয়াজেব

সালাম দেওয়া সুন্নাত এ কথা পূর্বোক্ত হাদীসসমূহে বর্ণিত হয়েছে। আর তার উত্তর দেওয়া ওয়াজেব হওয়ার ব্যাপারে মহান আল্লাহর নির্দেশ উপরে বর্ণিত হয়েছে। বলা বাহুল্য সালাম না দিলে সুন্নাত তরক হবে। কিন্তু সালামের উত্তর না দিলে ওয়াজেব তরক তথা তার জন্য কাবীরা গোনাহ হবে।

অবশ্য একটি জামাআত যদি অন্য জামাআতকে সালাম দেয়, তাহলে তাদের মধ্যে একটি লোক সালাম দিলেই যথেষ্ট। অনুরূপ জামাআতের মধ্যে যদি একটি লোক তার উত্তর দেয়, তাহলে ওয়াজেব আদায় হয়ে যাবে।[1] অবশ্য প্রত্যেকের উত্তর দেওয়াটাই উত্তম।

## ফুটনোট

[1]. আবূ দাঊদ হা/৫২১০, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/১৪১২, ইরওয়াউল গালীল ৭৭০

Source — https://www.hadithbd.com/books/link/?id=7971

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন